টিয়ারশেল-সাউন্ড গ্রেনেডে উত্তাল হেমায়েতপুর, বিজিবি মোতায়েন



ছবি: সংগৃহীত

ন্যূনতম মজুরি বাড়ানোর দাবিতে সাভার ও আশুলিয়ায় পোশাকশ্রমিকদের আন্দোলন পঞ্চম দিনে গড়িয়েছে। বুধবার (৪ নভেম্বর) সকালে সাভারের হেমায়েতপুরে বিক্ষোভকে কেন্দ্র করে শ্রমিক ও পুলিশের মধ্যে সংঘর্ষ হয়। পরিস্থিতি সামাল দিতে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড ব্যবহার করে। নিরাপত্তার জন্য সাভার ও আশুলিয়া এলাকায় দুই প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে।

সকালে হেমায়েতপুরের পদ্মার মোড় সংলগ্ন কয়েকটি কারখানার শ্রমিকেরা প্রথমে কাজে যোগ দেন। হাজিরা দেওয়ার পর তাঁরা কারখানা থেকে বেরিয়ে এসে বিক্ষোভে অংশ নেন। পরে একসঙ্গে সড়কে নামলে পুলিশ তাঁদের সরিয়ে দেওয়ার চেষ্টা করে। এ সময় টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করা হয়।

পুলিশের পদক্ষেপের পর শ্রমিকদের একাংশ আশপাশের গলিতে সরে গিয়ে ইটপাটকেল ছুড়তে থাকেন। এতে এলাকায় কয়েক দফা ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। সকাল ৯টা ১৫ মিনিটের দিকে শ্রমিকেরা হেমায়েতপুর বাসস্ট্যান্ড এলাকায় ঢাকা-আরিচা মহাসড়কে অবস্থান নিয়ে যান চলাচল বন্ধ করে দেন।

আশুলিয়া শিল্পাঞ্চলে অবশ্য পরিস্থিতি কিছুটা ভিন্ন। সেখানে বড় ধরনের সংঘর্ষের খবর না থাকলেও হা-মীম ও শারমীন গ্রুপের কয়েকটি কারখানার শ্রমিকেরা কাজ বন্ধ করে ভেতরে বিক্ষোভ করেন। পরিস্থিতি বিবেচনায় কয়েকটি কারখানায় বুধবারের জন্য সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। তবে আশুলিয়ার প্রধান সড়কগুলোতে যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে।

শিল্পাঞ্চলে নিরাপত্তা বজায় রাখতে অতিরিক্ত পুলিশ ও শিল্প পুলিশের সঙ্গে বিজিবিও দায়িত্ব পালন করছে। সাভার ও আশুলিয়ায় মোতায়েন করা হয়েছে দুই প্লাটুন বিজিবি।

আশুলিয়ার সহকারী কমিশনার (ভূমি) মহিবুল্লাহ আকন বলেন, আশুলিয়ায় বর্তমানে কোনো বিশৃঙ্খলা নেই। সেখানে বিজিবি মোতায়েন করা হয়েছে। তবে হেমায়েতপুরের পরিস্থিতি নিয়ে তিনি মন্তব্য করতে পারেননি।